লেন্স এশিয়া

LENS ASIA

১৯ ডিসেম্বর, ২০২৫

# তোপখানায় উদীচীর কার্যালয়ে অগ্নিকাণ্ড নিয়ন্ত্রণে



সংগৃহীত ছবি

রাজধানীর তোপখানায় বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর কেন্দ্রীয় কার্যালয়ে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। শুক্রবার সন্ধ্যায় শুরু হওয়া এই আগুন ফায়ার সার্ভিসের চারটি ইউনিটের চেষ্টায় অল্প সময়ের মধ্যেই নিয়ন্ত্রণে আসে। এ ঘটনায় তাৎক্ষণিকভাবে কোনো হতাহতের খবর পাওয়া যায়নি।

শুক্রবার (১৯ ডিসেম্বর) সন্ধ্যা সাড়ে সাতটার দিকে রাজধানীর তোপখানায় অবস্থিত বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর অফিসে আগুন লাগার ঘটনা ঘটে। খবর পাওয়ার সঙ্গে সঙ্গে ফায়ার সার্ভিস দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নেভানোর কাজ শুরু করে।

ফায়ার সার্ভিস সদরদপ্তরের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার রোজিনা আক্তার জানান, সন্ধ্যা ৭টা ৪২ মিনিটে আগুন লাগার খবর পাওয়া যায়। পরে চারটি ইউনিট ঘটনাস্থলে গিয়ে রাত ৮টা ১৩ মিনিটের মধ্যে আগুন সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণে আনে।

তিনি আরও জানান, প্রাথমিকভাবে আগুন লাগার কারণ কিংবা ক্ষয়ক্ষতির সুনির্দিষ্ট তথ্য জানা যায়নি। তবে এ ঘটনায় এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। সংশ্লিষ্টরা বিষয়টি খতিয়ে দেখছেন বলে জানা গেছে।

LENS ASIA